ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

13 July 2025 7:45 PM IST

==========================================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মুর উজ্জ্বল দেওরাও নিকাম , সি সদানন্দন মাষ্টার , হর্ষবর্ধন শ্রীংলা ও ড: মিনাক্ষী জৈনকে রাজ্যসভায় মনোনীত ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাজ্যসভায় মনোনীত চারজন বিশিষ্ট ব্যাক্তিকে অভিনন্দন জ্ঞাপন ।

৩) মায়ানমারের আলফা স্বাধীনের শিবিরে আজ আক্রমনে ৩ জন সদস্য নিহত ।

৪) চারদিনের বরাক উপত্যকা সফরে এসে মুখ্য সচিব ড: রবি কোটার আজ হাইলাকান্দি ও কাছাড় জেলার পরিকাঠামো প্রকল্পের পরিদর্শন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ বিশিষ্ট আইনজীবী উজ্জ্বল দেওরাও নিকাম , সমাজসেবী সি সদানন্দন মাষ্টার ,প্রাক্তন বিদেশ সচিব হর্ষবর্ধন শৃংলা এবং ইতিহাসবিদ তথা শিক্ষাবিদ ড.মীনাক্ষী জৈনকে রাজ্যসভায় মনোনীত করেছেন । স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানিয়েছে । মহারাষ্ট্রের বাসিন্দা শ্রী নিকাম মুম্বইয়ে সন্ত্রাসবাদী আক্রমণের মামলায় একজন সরকারী উপদেষ্টা হিসেবে কার্যনির্বাহ করেছিলেন । শিক্ষা ক্ষেত্রে দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন কেরালার সি সদানন্দন মাষ্টার রাজনৈতিক হিংসার বলি হয়ে তাঁর দুটি পা হারিয়েছিলেন । হর্ষবর্ধন শৃংলা আমেরিকা যুক্তরাষ্ট্র ,বাংলাদেশ ও থাইলেন্ডের রাষ্ট্রদূত হিসেবে কার্যনির্বাহ করা সহ

২০২৩ সালে ভারতের জি টুয়েন্টির অধ্যক্ষতার সময়ে মূখ্য সমন্বয়ক হিসেবে কার্যনির্বাহ করেন । ড.মিনাক্ষী জৈন দিল্লী বিশ্ববিদ্যালয়ের অধীন গার্গি কলেজে সহকারী অধ্যাপক হিসেবে কার্যনির্বাহ করে আসছেন । উল্লেখ্য রাষ্ট্রপতি কলা ,সাহিত্য ,বিজ্ঞান ও সমাজসেবার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ১২ জন ব্যাক্তিকে রাজ্যসভায় মনোনীত করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যসভায় মনোনীত বিশিষ্ট আইনজীবী উজ্জ্বল দেওরাও নিকাম , সমাজসেবী সি সদানন্দন মাষ্টার ,প্রাক্তন বিদেশ সচিব হর্ষবর্ধন শৃংলা এবং ইতিহাসবিদ তথা শিক্ষাবিদ ড.মীনাক্ষী জৈনকে অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে আইন ও সংবিধান ক্ষেত্রে উজ্জ্বল নিকামের নিষ্ঠা ও অবদান দৃষ্টান্তমূলক । একজন সফল আইনজীবি এবং গুরুত্বপূর্ণ মামলায় ন্যায় প্রদানের ক্ষেত্রে তাঁর উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । দীর্ঘ কর্মজীবনে শ্রী নিকাম সাংবিধানিক মূল্যবোধ শক্তিশালী করা এবং জনসাধারণের মর্যাদা রক্ষা তথা তাঁদের প্রতি যথাযোগ্য ব্যবহার সুনিশ্চিত করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করে আসছেন বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । শ্রী মোদি বলেন হর্ষবর্ধন শৃংলা একজন কূটনীতিবিদ ,বুদ্ধিজীবি এবং চিন্তাবিদ হিসেবে কৃতিত্ব অর্জন করে এসেছেন । তিনি ভারতের বৈদেশিক নীতির ক্ষেত্রে উৎসাহ যোগানো সহ দেশের জি টুয়েন্টির অধ্যক্ষতার সময়ে বিশেষ ভূমিকা পালন করেছেন বলে প্রধানমন্ত্রী জানান । একইভাবে সি সদানন্দকে অভিনন্দন জানিয়ে শ্রী মোদী বলেন যে তাঁর জীবন সাহস ও অন্যায়ের সঙ্গে আপোষবিহীন শক্তিশালী ব্যাক্তিত্বের উজ্জ্বল নিদর্শন । সমাজসেবী ও শিক্ষক হিসেবে তাঁর অবদান প্রশংসনীয়তথা যুব প্রজন্মের সবলীকরণের ক্ষেত্রে শ্রী সদানন্দন অত্যন্ত আগ্রহী বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । তিনি ড.মিনাক্ষী জৈনকে একজন পন্ডিত ,গবেষক ও ইতিহাসবিদ বলে অভিহিত করেন । প্রধানমন্ত্রী বলেন যে শিক্ষা ,সাহিত্য, ইতিহাস ও রাজনীতি বিজ্ঞানের ক্ষেত্রে ড.জৈনের কাজকর্ম শিক্ষা ক্ষেত্রকে সমৃদ্ধ করেছে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ গোলাঘাট জেলার সরুপথারে গিয়ে বন্যা পরিস্থিতির খোজ নেন । তিনি শিমলুচাপরি প্রাথমিক বিদ্যালয়ে থাকা আশ্রয় শিবির পরিদর্শন করে  শিশুদের সংগে কিছু সময় অতিবাহিত করেন । তিনি বরপথারের মিঠা  আম চাপরি , শিমলুচাপরি পরিদর্শন করে নুমলীগড় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ত্রান শিবিরে থাকা বন্যার্তদের খোজ নেন ।মুখ্যমন্ত্রী ড: শর্মা বন্যা য় ক্ষতিগ্রস্ত লোকেদের সব ধরণের সাহায্য প্রদান করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন ।

উল্লেখ্য নাগাল্যান্ডে ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে গোলাঘাট জেলার ধনশিরি নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় জেলাটির ৫ টি রাজস্বচক্রের বিস্তীর্ন অঞ্চল বেশ কয়েকদিন থেকে বন্যার কবলে রয়েছে । জেলার বিভিন্ন স্থানে মোট ৩৩ টি ত্রাণ শিবির খুলে জেলা প্রশাসন বন্যার্তদের সহায়তা করে যাচ্ছে । বোকাখাট রাজস্ব চক্রের মোট ৯  টি গ্রামের ৮ হাজারের ও বেশী লোক বন্যার কবলে পড়েছেন । এক ইভাবে খুমটাই রাজস্বচক্রের অধীনের ৩০ টি গ্রাম  ও গোলাঘাট রাজস্ব চক্রের  মোট ২৩ টি গ্রামের প্রায় দুহাজার লোক  বন্যার কবলে পড়েছেন ।

---

ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান আই আই টি  গৌহাটীর আজ ২৭ তম সমাবর্তন অনুষ্ঠিত হয় । সমাবর্তন অনুষ্ঠানে মুখ্য অতিথি  হিসেবে আমেরিকার ক্লেনসন বিশ্ববিদ্যালয়ের বৈদ্যুতিক ও কম্পিউটার বাস্তুকার বিভাগের দ্য হাউসার ব্যাংকের অধ্যাপক ড:  রাজেন্দ্র সিং  ও সম্মানিত অতিথি হিসেবে ইন্ডিয়ান ন্যাশনেল একাডেমী অব ইঞ্জিনিয়ারিং এর অধ্যক্ষ জে ডি পাতিল উপস্থিত ছিলেন । আই আই টি গৌহাটীর ড: ভুপেন হাজারিকা প্রেক্ষাগৃহে আয়োজিত সমাবর্তনে এবার মোট ২ হাজার ৯৩  জন শিক্ষার্থীকে ডিগ্রী প্রদান  করা হয় । সমাবর্তনে  এক হাজার ৫ জনকে স্নাতক , ৮১৮ জনকে স্নাতকোত্তর ও ২৭০ জনকে  পি এইচ ডি ডিগ্রী

প্রদান করা হয় ।স্নাতক ও স্নাতোকত্তর উভয় শাখার জন্য রাষ্ট্রপতির স্বর্নপদক , ড: শংকরদয়াল শর্মা স্বর্নপদক ও আসামের রাজ্যপালের স্বর্নপদক সহ ৪ টি স্বর্নপদক প্রদান করা হয় ।

---

মায়ান্মারের আলফা স্বাধীনের শিবিরে আজ সেনাবহিনীর আক্রমণের ফলে সংগঠনটির তিনজন সদস্য নিহত হয়েছে । সেনা বাহিনী মায়ান্মারের সেনা বাহিনীর সহযোগীতায় সংগঠনটির শিবিরে আক্রমণ চালায় বলে সংগঠনটির সূত্রে জানানো হয়েছে । এই আক্রমণে নয়ন অসম , গণেশ অসম এবং প্রদীপ অসম নামের সদস্যদের মৃত্যু হয়েছে বলে সংগঠন জানিয়েছে । এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এই ঘটনা সম্পর্কে প্রতিক্রিয়া ব্যাক্ত করে এই আক্রমণের সঙ্গে আসাম পুলিশ জড়িত নয় বলে স্পষ্ট করে দিয়েছেন । সেইসঙ্গে তিনি আসামের পক্ষ থেকে এই আক্রমণ হয়নি এবং সেনা বাহিনীর পক্ষ থেকেও এধরণের আক্রমণের কোনো তথ্য এপর্যন্ত পাওয়া যায়নি বলে উল্লেখ করেছেন । **বাইট**

---

রাজ্যের মূখ্য সচিব ডক্টর রবি কোটা আজ হাইলাকান্দি জেলায় নির্মিয়মান কয়েকটি প্রকল্প সরোজমিনে পরিদর্শন করেন । মূখ্য সচিব ডক্টর কোটা হাইলাকান্দি শহরে ১২ কোটী ৭৬ লক্ষ টাকা ব্যায়ে নির্মিয়মান হাইলাকান্দি আর্বত ভবনের নির্মান কাজ , ৭ কোটী ৬৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিয়মান হাইলাকান্দি সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের কাজ এবং ২০ কোটী টাকা ব্যয়ে নির্মিয়মান সিভিল হাসপাতালের নতুন ভবন নির্মানের কাজ খতিয়ে দেখে সন্তোষ প্রকাশ করেন । সিভিল হাসপাতাল পরিদর্শনকালে মূখ্য সচিব ডক্টর কোটা নিয়মিত রক্তদান শিবির আয়োজন করতে পরামর্শ দেন এবং ঔষধ গুদাম পরিদর্শনকালে ঔষধের এক্সপায়ারি ডেট স্বয়ংক্রিয়ভাবে আলাদা করার উপর সফট ওয়ার ডি ভি ডি এম এস-এর ব্যবহার সুনিশ্চিত করতে নির্দেশ দেন মূখ্য সচিব ডক্টর কোটা ।

পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে মুখ্য সচিব ডক্টর কোটা জানান ----

বাইট

---

মুখ্যসচিব রবি কোটা আজ শিলচরে এসে কাছাড় জেলার বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতির খোজ নেন । তিনি জেলার বিভিন্ন পরিকাঠামো প্রকল্পের কাজ পরিদর্শন করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পূর্ন করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন । পরিদর্শনকালে তিনি জাতীয় সড়কে থাকা সেতুর মেরামতির কাজ ও পরিদর্শন করা সহ পাঁচগ্রাম কাগজ কলের বিষয়ে অবগত হন । এছাড়া তিনি পাঁচগ্রামে নির্মীয়মান অন্যান্য কাজের ও খোজ নেন ।

---

সাংসদ কৃপানাথ মালা আজ হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের উত্তর-কাঞ্চনপুর গ্রাম পঞ্চায়েতের বক্রিহাওর দ্বিতীয় খন্ডে অসম দর্শন প্রকল্পের অধীনে দুটি মন্দিরের ২০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে কাজের সূচনা করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রীমালা জানকী বাজার থেকে কাটাখাল রেল স্টেশন পর্য্যন্ত গ্রামীন পূর্ত সড়কটি উচু করার স্থানীয়দের দাবী নিয়ে মূখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করার প্রতিশ্রুতি দিয়েছেন । আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে হাইলাকান্দি জেলা বিজেপির যুব মোর্চার সভাপতি মিলন দাস , আঞ্চলিক পঞ্চায়েত সদস্যা সীমা সেন , মন্ডল সভাপতি অশোক কুমার দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় আর ইউ বি ৩-২ গোলে

মার ব্রাদার্স দলকে পরাজিত করেছে । পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় রেইনবো ক্লাব খেলবে নেইথাং এফ সি দলের বিরুদ্ধে ।

---